

সুগান্ধি

প্রিন্ট: ০২ নভেম্বর ২০২৫, ১১:০০ এএম


শিক্ষান্তর

জকসু সামনে রেখে জবি ছাত্রদলের মাসব্যাপী কর্মসূচি



জবি প্রতিনিধি

প্রকাশ: ৩১ অক্টোবর ২০২৫, ১১:৪৪ পিএম



জগন্নাথ বিশ্ববিদ্যালয়



জগন্নাথ বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদ (জকসু) নির্বাচনের প্রাক্তালে মাসব্যাপী নানা আয়োজনের সূচি ঘোষণা করেছে শাখা ছাত্রদল। শিক্ষার্থীদের একাডেমিক, সাংস্কৃতিক, পেশাগত ও সামাজিক উন্নয়নে ভূমিকা রাখার লক্ষ্যেই এসব কর্মসূচি হাতে নেওয়া হয়েছে বলে সংগঠনটির পক্ষ থেকে জানানো হয়েছে।

শুক্রবার (৩১ অক্টোবর) জবি ছাত্রদলের আহায়ক মেহেদী হাসান হিমেল ও সদস্য সচিব শামসুল আরেফিন স্বাক্ষরিত এক বিজ্ঞপ্তিতে এ কর্মসূচির তালিকা প্রকাশ করা হয়।

কর্মসূচি তালিকা থেকে জানা যায়, আগামী ২ নভেম্বর (রোববার) শুরু হবে আয়োজনের প্রথম কর্মসূচি ‘ফিটনেস স্ট্রিনিং ও ফিজিওথেরাপি ক্যাম্প’ দিয়ে। এর পরদিন (৪ নভেম্বর) অনুষ্ঠিত হবে সেমিনার ‘ফিল্যান্সিং ও ডিজিটাল মার্কেটিং: জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের বিকল্প আয়ের উৎস’।

৬ নভেম্বর (বৃহস্পতিবার) শুরু হবে ক্যাম্পাস সৌন্দর্যবর্ধনের উদ্যোগ ‘আমাদের ক্যাম্পাস আমরাই গড়বো’ ক্যাম্পেইন। ৯ নভেম্বর (রোববার) আয়োজন করা হবে ‘মেধাবী সংবর্ধনা’, আর ১০ নভেম্বর ‘জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের বিকাশে গণমাধ্যমের দায়িত্বশীলতা’ শিরোনামে অনুষ্ঠিত হবে আলোচনা সভা।

১১ নভেম্বর থাকবে ‘বিদেশে উচ্চশিক্ষা, বৃত্তির সুযোগ ও আইইএলটিএস, টোফেল, জিআরই, এসএটি এবং জিম্যাট প্রশিক্ষণ সুবিধা’ নিয়ে সেমিনার। ১২ নভেম্বর আয়োজিত হবে সচেতনতামূলক অনুষ্ঠান ‘স্ন ক্যান্সার ও এর পরিণতি সম্পর্কে সচেতনতা সৃষ্টি’।

পরদিন ১৩ নভেম্বর উদ্বোধন করা হবে ‘মেডিকেল ডিসপ্যাচ বুথ’ এবং অনুষ্ঠিত হবে ‘রক্তদান কর্মসূচি’। ১৬ নভেম্বর অনুষ্ঠিত হবে ‘কেমন বিশ্ববিদ্যালয় চাই’ ক্যাম্পেইনের পুরস্কার বিতরণী অনুষ্ঠান।



এরপর ২০ নভেম্বর অনুষ্ঠিত হবে ইনডোর ও আউটডোর গেমস প্রতিযোগিতা। মাসের শেষ দিকে, ২৩ নভেম্বর আয়োজন করা হবে প্রযুক্তিনির্ভর সেমিনার ‘ইন্ডাস্ট্রি ৪.০ এর চ্যালেঞ্জ মোকাবিলা কৃতিম বুদ্ধিমত্তা, বিগ ডেটা ও রোবোটিক্স’।

আর ২৪ নভেম্বর অনুষ্ঠিত হবে সেমিনার ‘জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের ব্র্যান্ডিং: জাতীয় ও বহুজাতিক কোম্পানি এবং অন্যান্য অংশীদারদের সাথে সহযোগিতা’। এছাড়া আগামী ৪ নভেম্বর থেকে প্রতিদিন দুপুর ১২টায় অনুষ্ঠিত হবে ‘হঠাতে কুইজ প্রতিযোগিতা’, যা মাসব্যাপী চলবে। এছাড়া নওয়াব ফয়জুন্নেসা চৌধুরানী হলের জন্য ছাত্রদল বিশেষ কর্মসূচি ঘোষণা করেছে।

ছাত্রদল জানিয়েছে, বিশ্ববিদ্যালয়ের নওয়াব ফয়জুন্নেসা চৌধুরানী হলে শিক্ষার্থীদের কল্যাণে বিশেষ উদ্যোগ নেওয়া হয়েছে। এর মধ্যে রয়েছে—০৪টি বুকসেলফ প্রদান, বিসিএস ও ইসলামিক বই সরবরাহ, ফ্রিডম বেল্ট প্রদান, প্রতি ফ্লোরে ফার্স্ট এইড বক্স স্থাপন, প্লেট ও পানির গ্লাস প্রদান, ইনডোর গেম আয়োজন, রম্য বিতর্ক ও কুইজ প্রতিযোগিতা আয়োজন, পাঁচতলায় পর্দা ও পাইপ প্রদান, রুমের সামনে ডাস্টবিন স্থাপন, জুতার তাক প্রদান, যোগব্যায়াম ম্যাট প্রদান, গরম ও ঠান্ডা পানির ফিল্টার স্থাপন এবং বিশেষ বৃত্তি প্রদান।

এই কর্মসূচির বিষয়ে জগন্নাথ বিশ্ববিদ্যালয় ছাত্রদলের আহবায়ক মেহেদী হাসান হিমেল বলেন, জগন্নাথ বিশ্ববিদ্যালয় ছাত্রদল সবসময় শিক্ষার্থীদের পাশে থেকে শিক্ষার্থীদের কল্যাণে কাজ করেছে। ৫ আগস্টের আগে এবং পরে সবসময় আমরা শিক্ষার্থীদের কল্যাণে কাজ করতে চেয়েছি। কলেজ থেকে বিশ্ববিদ্যালয়ে রূপান্তরের ক্ষেত্রেও ছাত্রদলের একটি অনবদ্য ভূমিকা ছিল। এটি আমাদের প্রাণের ক্যাম্পাস। আমরা এই ক্যাম্পাসকে মনেপ্রাণে ধারণ করি।

তিনি আরও বলেন, আমাদের এই কর্মসূচি জকসুকে সামনে রেখে নয়। শিক্ষার্থীদের কল্যাণে আমাদের এই কর্মসূচি। ছাত্রদল অতীতেও শিক্ষার্থীদের পাশে থেকেছে, আগামীতেও পাশে থাকবে।

▼